গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আন্তর্জাতিক সহযোগিতা-২ অধিশাখা
**www.moa.gov.bd**

নং-১২.০০.০০০০.০৭৩.২৪.০১৯.১৫-৩৬৯ তারিখ ঃ ১৩/০৩/২০১৬ খ্রিঃ

তৃতীয় সার্ক কৃষিমন্ত্রী পর্যায়ের সভা, উর্দ্ধতন কর্মকর্তাদের সভা এবং ''কৃষি'' এবং ''গ্রামীণ উন্নয়ন'' বিষয়ক কারিগরি কমিটির (TC-ARD) সভা আগামী ৪-৭ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশে আয়োজনের নিমিত্ত গত ০৯ মার্চ ২০১৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

১৩.০৩.১৬

(মাকছুমা আকতার)
উপসচিব
ফোন ০২-৯৫৪৫০৩৮
e-mail : ds.fa2.moa2012@gmail.com

**বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
[(দৃঃ আঃ পরিচালক, সার্ক )]
০২। সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[(দৃঃ আঃ জনাব মোঃ আবদুল ওয়াহাব ভুঞা, (উপ-সচিব)]।
০৩। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[(দৃঃ আঃ জনাব মোঃ হাবিবুল ইসলাম (উপ-সচিব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ]
০৪। অতিরিক্ত সচিব (পিপিসি) কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (আন্তর্জাতিক সহযোগীতা) কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
০৭। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
০৮। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
০৯। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ১১৯-১২১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১১। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
[(দৃঃ আঃ জনাব মুঃ মুনিরুল ইসলাম, প্রধান পরিকল্পনা কর্মকর্তা]
১২। পরিচালক, সার্ক কৃষি কেন্দ্র, BARC কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
১৩। ড. মিয়া সাঈদ হাসান, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
(TC-ARD ফোকাল পয়েন্ট)

**অনুলিপি ঃ (সদয় অবগতি ও কার্যার্থে)**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আন্তর্জাতিক সহযোগিতা-২ অধিশাখা
**www.moa.gov.bd**

অদ্য ০৯ মার্চ ২০১৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সচিব মহোদয়ের সভাপতিত্বে Third Meeting of the SAARC Ministers of Agriculture Preceded by the Senior Officials' Meeting and the Technical Committee on Agriculture and Rural Development (TC-ARD) বিষয়ক অনুষ্ঠেয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও অফিস | ফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | [illegible] অতি: সচিব, কৃষি মন্ত্রণালয় | | [illegible] |
| ২। | মো: নাসিরুজ্জামান অতি: সচিব, কৃষি মন্ত্রণালয় | 01556315509 | ০৯/০৩/১৬ |
| ৩। | তারিক হাসান সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | 01742205275 | ০৯.০৩.১৬ |
| ৪। | মোঃ [illegible] উপসচিব, শিল্প ও [illegible] মন্ত্রণালয় | ~~955~~ 9576696 | [illegible] |
| ৫। | মো: [illegible] কৃষি মন্ত্রণালয় | 01556341143 | [illegible] |
| ৬। | ড. [illegible] | 01911740390 | |
| ৭। | মো: [illegible] ইসলাম, উপ-সচিব [illegible] | 01712-509216 | [illegible] |
| ৮। | মো: মনিরুল ইসলাম [illegible] কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] |
| ৯। | ড. শেখ [illegible] | [illegible] | [illegible] |
| ১০। | ড. মো: আব্দুর রহমান [illegible] | [illegible] | [illegible] |
| ১১। | ড. মো: রফিকুল ইসলাম [illegible] | 01712630006 | [illegible] |
| ১২। | মো: হাবিবুর রহমান [illegible] | 01711803695 | [illegible] |
| ১৩। | ড: আবুল কালাম আযাদ [illegible] | [illegible] | [illegible] |
| ১৪। | মো: [illegible] | [illegible] | |
| | | | |
| | | | |
| | | | |

তৃতীয় সার্ক কৃষিমন্ত্রী পর্যায়ের সভা, উর্দ্ধতন কর্মকর্তাদের সভা এবং ''কৃষি'' এবং ''গ্রামীণ উন্নয়ন'' বিষয়ক কারিগরি কমিটির (TC-ARD) সভা আগামী ০৪-০৭ এপ্রিল ২০১৬ তারিখ ঢাকায় যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে প্রস্তুতিমূলক আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সচিব, কৃষি মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৯ মার্চ ২০১৬, বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | ঃ | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | ঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, আগামী ০৪-০৭ এপ্রিল, ২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য তৃতীয় সার্ক কৃষিমন্ত্রী পর্যায়ের সভা, উর্দ্ধতন কর্মকর্তাদের সভা এবং ''কৃষি'' এবং ''গ্রামীণ উন্নয়ন'' বিষয়ক কারিগরি কমিটির (TC-ARD) সভাসমূহ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি আন্তর্জাতিক সহযোগিতা-২ অধিশাখার উপসচিব-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। উপসচিব ইতোপূর্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এবং আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। সভায় অতিরিক্ত সচিব (আইসি) মহোদয়, অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়, সংস্থা প্রধানগণ, পররাষ্ট্র মন্ত্রণালয়সহ অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ বর্ণিত সভার প্রস্তুতির বিষয়ে তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। উপস্থিত সকল সদস্যগণের মতামত বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা |
|---|---|---|
| বিমানবন্দর সহায়তা এবং স্থানীয় আতিথেয়তা ব্যবস্থা | সার্কভুক্ত দেশসমূহের প্রতিনিধি দলকে বিমান বন্দরে অভ্যর্থনা এবং অন্যান্য সহায়তা প্রদানসহ হোটেলে পৌছানো এবং তাঁদের স্থানীয় আতিথেয়তার বিষয়সমূহ দেখাশুনার জন্য একটি কমিটি গঠন করতে হবে। | কৃষি মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় |
| Multi-stakeholders, TC-ARD এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সভা | আগামী ০৪-০৬ এপ্রিল, ২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য Multi-stakeholders (৪ এপ্রিল, অর্ধবেলা) TC-ARD (৪-৫ এপ্রিল) এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সভা (৬ এপ্রিল) যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে এ সভাসমূহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি (বাংলাদেশ পজিশন পেপার/কনসেপ্ট নোট প্রস্তুত, রেজিষ্ট্রেশন সংশ্লিষ্ট বিষয়াদি, আলোচ্যসূচি অনুসারে সকল ধরনের কার্যাবলী) সম্পাদনের জন্য অতিরিক্ত সচিব(পিপিসি) মহোদয়কে আহবায়ক করে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি/প্রতিনিধি দল গঠন করতে হবে। | কৃষি মন্ত্রণালয় |
| তৃতীয় কৃষি মন্ত্রী পর্যায়ের সভা | ক) উদ্বোধনী অনুষ্ঠান সংশ্লিষ্ট সকল কার্যাবলী (রেজিষ্ট্রেশন, ভেন্যু সজ্জা, আসন বিন্যাস, আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত, দাওয়াত কার্ড ছাপানো ও বিতরণ, নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়াদি, মাননীয় প্রধানমন্ত্রী, কৃষিমন্ত্রী মহোদয়ের বক্তৃতা প্রস্তুতকরণ ইত্যাদি) সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি/প্রতিনিধি দল গঠন করতে হবে। | কৃষি মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| | খ) তৃতীয় সার্ক মন্ত্রী পর্যায়ের সভা যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে আলোচ্যসূচি অনুযায়ী মাননীয় মন্ত্রীকে সহযোগিতা এবং উক্ত সভা সংশ্লিষ্ট সকল বিষয়াদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি/প্রতিনিধি দল গঠন করতে হবে। | কৃষি মন্ত্রণালয় |
| বাজেট | তিনটি অফিসিয়াল ডিনারের ব্যয়ভার ছাড়া উক্ত সভা সংশ্লিষ্ট অর্থায়নের ব্যবস্থা পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ করা হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয় |

তৃতীয় সার্ক কৃষিমন্ত্রী পর্যায়ের সভা, উর্দ্ধতন কর্মকর্তাদের সভা এবং ''কৃষি'' এবং ''গ্রামীণ উন্নয়ন'' বিষয়ক কারিগরি কমিটির (TC-ARD) সভা যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটিসমূহ তাঁদের কার্যপরিধি অনুযায়ী কার্যসম্পাদন করবেন এবং কোন প্রকার অসুবিধার সম্মুখীন হলে তাৎক্ষনিকভাবে সভাপতিকে অবহিত করবেন। কমিটিসমুহের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রয়োজন অনুসারে আরো আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.০৩.২০১৩

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্)
সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।